

প্রথম কালো

তারিখ ... 05 DEC 2013

পৃষ্ঠা ৬

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

বিএনপিপন্থী
শিক্ষকেরা ছয়টি
পদেই বিজয়ী

বাংলাদেশ কৃষি
বিশ্ববিদ্যালয় প্রতিনিধি •

ময়মনসিংহে অবস্থিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের নির্বাচনে ছয়টি সদস্য পদেই বিএনপিপন্থী শিক্ষকেরা জয়ী হয়েছেন। গতকাল বুধবার শিখার্দীপন্থী ছয়জন আবেদন মিলনায়তনে অনুষ্ঠিত নির্বাচনে আওয়ামীপন্থী শিক্ষকদের সংগঠন পণ্ডিতশিক্ষক ফোরাম ও বিএনপিপন্থী শিক্ষকদের সোনালী দল প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবদুল হাদেদ, পরিচালনা ও উন্নয়ন কমিটির সদস্য হিসেবে ১৬১ ভোট পেয়ে উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের অধ্যাপক ইসমাইল হোসেন ও ১৫৫ ভোট পেয়ে ডেইরি বিজ্ঞান বিভাগের অধ্যাপক নূরুল ইসলাম এবং উচ্চশিক্ষা ও গবেষণা কমিটির সদস্য হিসেবে ১৬০ ভোট পেয়ে উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের অধ্যাপক আইয়ুব আলী, ১৫৭ ভোট পেয়ে মাইক্রোবায়োলজি ও হাইজিন বিভাগের অধ্যাপক বাহানুর রহমান বিজয়ী হন। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের গ্র্যাডুয়েট ট্রেনিং ইনস্টিটিউটের পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে ১৫৪ ভোট পেয়ে মাৎস্য ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক জোয়ার্কার ফারুক আহমেদ, ইনস্টিটিউট অব এগ্রিকালচার অ্যান্ড ডেভেলপমেন্ট টাউন্সের পরিচালনা পর্ষদের সদস্য হিসেবে ১৪০ ভোট পেয়ে কৃষি অর্থনীতি বিভাগের অধ্যাপক আকতারুজ্জামান বিজয়ী হন।

উপাচার্য অধ্যাপক মো. রফিকুল হকের উপস্থিতিতে শিক্ষকদের এই নির্বাচন হয়। সন্ধ্যায় ফল ঘোষণা করা হয়।